**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 31–05–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, বর্ষা মরশুমের জন্য রাজ্যে নিত্য প্রয়োজনীয় পন্য সামগ্রীর বাফার ষ্টক গড়ে তোলা হয়েছে ।**

**(২) বিশ্ব তামাক মুক্ত দিবসে রাজ্যেও নানা অনুষ্ঠানের আয়োজন ।**

**(৩) অষ্টাদশ লোকসভা নির্বাচনের সপ্তম তথা শেষ পর্যায়ের ভোটগ্রহণ আগামীকাল ।**

**(৪) ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেটের সুপার ফোরের শেষ দুটি খেলা আজ থেকে শুরু হয়েছে ।**

*******************************************

**Food Minister meeting :**

খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, বর্ষা মরশুমের জন্য রাজ্যে নিত্য প্রয়োজনীয় পন্য সামগ্রীর বাফার ষ্টক গড়ে তোলা হয়েছে। আজ আগরতলায় খাদ্য ও ভোক্তা ভবনে বিভিন্ন ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধিদের সঙ্গে এক বৈঠক শেষে খাদ্যমন্ত্রী একথা জানান। তিনি জানান, উত্তরপূর্ব ভারতে বর্ষার দরুন আসাম-

আগরতলা জাতীয় সড়কে ও রেলপথে মালবাহী ট্রেন ও যানবাহন চলাচল মাঝেমধ্যে ব্যাহত হচ্ছে। এই কারণেই পণ্য সামগ্রীর বাফার স্টক করা হয়েছে। তিনি আরও বলেন, বাজারে যাতে কোনভাবেই পণ্য সামগ্রীর কৃত্রিম সংকট না হয়, পাশাপাশি মূল্য নিয়ন্ত্রণে রাখা এবং মেয়াদ উত্তীর্ণ সামগ্রী যাতে বিক্রি করতে না পারে সেজন্য খাদ্য দপ্তরের আধিকারিকরা রাজ্যের বাজারগুলিতে অভিযান অব্যাহত রেখেছে। পেট্রোল, ডিজেল ও এলপিজি সিলিন্ডার সরবরাহ যাতে স্বাভাবিক থাকে সে লক্ষ্যে খাদ্য দপ্তর যথাযথ উদ্যোগ নিয়েছে বলে খাদ্যমন্ত্রী জানান।

****************************

**World No Tobacco Day :**

আজ বিশ্ব তামাকমুক্ত দিবস। এ উপলক্ষে আগরতলা মেডিকেল কলেজের কমিউনিটি মেডিসিন ও ফ্যাকাল্টি ফোরাম যৌথভাবে সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করে। এর অঙ্গ হিসেবে আজ সকালে জিবিপি হাসপাতালের বহির্বিভাগ ও অন্তঃবিভাগের প্রতিটি ওয়ার্ডে গিয়ে রোগীও তাদের পরিবার-পরিজনদের ধূমপানের ও তামাকে সেবনের কুফল সম্পর্কে সচেতন করেন চিকিৎসকরা। একইসঙ্গে সঙ্গে জিবি হাসপাতাল সংলগ্ন রাস্তায় পথচারী, গাড়ি চালক সহ বিভিন্ন পেশার মানুষদেরও এই বিষয় সম্পর্কে সচেতন করা হয়। এই কর্মসূচিতে ডাইরেক্টর অফ মেডিকেল এডুকেশন এর অধিকর্তা ডক্টর এইচ পি শর্মা, আগরতলা সরকারি মেডিকেল কলেজের অধ্যক্ষ ডক্টর অনুপ কুমার সাহা, ক্যান্সার হাসপাতালের সুপার ডক্টর শিরোমনি দেববর্মা, জিবি হাসপাতালের ভারপ্রাপ্ত সুপার ডঃ কনক চৌধুরী সহ কলেজের বিভিন্ন বিভাগের প্রধানরা, কলেজের ছাত্রছাত্রীরা, হাসপাতালে সাফাই কর্মী,

নিরাপত্তা রক্ষী, কারিগরি কর্মীরাও অংশ নেন। আগরতলা মেডিকেল কলেজের সামনে বিশ্ব তামাক বিরোধী দিবসের তাৎপর্য নিয়ে বক্তারা আলোচনা করতে গিয়ে রাজ্যে তামাক সেবনের প্রবণতা যেভাবে বাড়ছে তাতে উদ্বেগ প্রকাশ করেন।

এছাড়া বিশ্ব তামাক বিরোধী দিবসে অঙ্গ হিসাবে মা ঊষা চেরিটেবল ট্রাস্টের উদ্যোগে ও নেতাজি সুভাষ বিদ্যানিকেতন এনএসএস ইউনিটের সহযোগিতায় বিদ্যালয়ের মিলনায়তনে এক সচেতনতা মূলক আলোচনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানের শুরুতেই তামাক বর্জনের জন্য শপথ বাক্য পাঠ করানো হয়।

সভায় উপস্থিত ছিলেন স্কুলের প্রধান শিক্ষক ছাড়াও শিক্ষক শিক্ষিকা ছাত্র-ছাত্রী ও ঊষা চেরিটেবল ট্রাস্টের কর্তৃপক্ষ। সেখানেও তামাকের কুফল ও তামাক বর্জন করা নিয়ে বক্তারা আলোচনা করেন।

আজ উদয়পুর গোমতী জেলা হাসপাতালে এক সচেতনতা মূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়। তামাকের প্রভাব থেকে যুব সমাজকে রক্ষা করার লক্ষ্যে ভলান্টারি হেল্‌থ অ্যাসোসিয়েশন অফ ত্রিপুরার উদয়পুর চ্যাপ্টারের উদ্যোগে আয়োজিত গোমতী জেলা হাসপাতাল সংলগ্ন পন্ডিত দীনদয়াল রাত্রিকালীন আশ্রয় নিবাসে বিশ্ব তামাক মুক্ত দিবসের উপর রচনা ও স্লোগান প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। পরে বিজয়ীদের পুরষ্কৃত করা হয়। অনুষ্ঠানে জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাক্তার কমল রিয়াং, স্বাস্থ্য দপ্তরের উপ প্রকল্প আধিকারিক রণময় দাস, ভ্যাট সদস্য জয়দীপ গোস্বামী প্রমুখ উপস্থিত ছিলেন।

রাজ্যে তামাক সেবন হ্রাস করার লক্ষ্যে আজ আগরতলার মহিলা মহাবিদ্যালয়ের NSS unit এর উদ্যোগে আগরতলা শহরে একটি সচেতনতামূলক কর্মসূচি অনুষ্ঠিত হয়। এই উপলক্ষে NSS এর স্বেচ্ছাসেবীরা পথ চলতি মানুষদের মধ্যে তামাকের ক্ষতিকর দিকগুলি নিয়ে লিফলেট বিতরণ করেন। NSS ইউনিটের প্রোগ্রাম অফিসার রমা ভট্টাচার্য জানান এই কর্মসূচির মূল উদ্দেশ্য হচ্ছে তামাক সেবনের ক্ষতিকারক প্রভাব সম্পর্কে জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা।

*****************************

**World No Tobacco Day/KAILASHAHAR :**

বিশ্ব তামাক বিরোধী দিবস আজ নানা কর্মসূচির মধ্য দিয়ে ঊনকোটি জেলা সদর কৈলাশহরেও পালিত হয়। এই উপলক্ষে স্বাস্থ্য দপ্তরের উদ্দোগে ও বি ফিট আদার্স সংস্থার সহযোগিতায় এক বর্ণময় শোভাযাত্রা কৈলাশহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। এদিকে ভলান্টারি হেলথ এশোসিয়েশন অব ত্রিপুরা'র উদ্দোগে কৈলাশহরের R.G.M হাসপাতালের বর্হিবিভাগ চত্বরে দিবসটি পালন উপলক্ষে এক অনুষ্ঠান হয়। এখানে দিবসটির গুরুত্ব ও তাৎপর্য নিয়ে আলোকপাত করা হয়। বক্তব্য রাখেন, ঊনকোটি জেলার C.M.O ডাঃ শীর্ষেন্দু চাকমা, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার, বিশিষ্ট সমাজ সেবী ছুরুক আলি প্রমুখ। এই উপলক্ষে একটি ই-রিক্সা রেলি কৈলাশহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

*************************

**Train :**

আগরতলা লামডিং রুটে আজও ট্রেন চলাচল বন্ধ রয়েছে। রাজ্যে আজ দূরপাল্লার কোন ট্রেন আসা যাওয়া করেনি। বহিঃরাজ্য থেকে আগরতলাগামী ট্রেনগুলিকে গুয়াহাটিতে থামিয়ে রাখা হয়েছে। আগামীকাল আগরতলা থেকে হাম সফর এক্সপ্রেস এবং কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস দুটি এখনো বাতিল করা হয়নি। আজ সকালে পাহাড়ি এলাকায় বৃষ্টি হয়নি। রেল ট্র্যাক থেকে জল কাদা সরানোর কাজ যুদ্ধকালীন তৎপরতায় চালানো হচ্ছে। আজ রাতের মধ্যে যদি রাস্তা পরিষ্কার হয় তবে আগামীকাল হামসফর এবং কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস দুটি যথারীতি আগরতলা থেকে যাত্রা করবে বলে জানিয়েছেন স্টেশন মাস্টার। আগরতলা শিলচর এর মধ্যে ট্রেন যথারীতি চলছে বলেও তিনি জানান।

****************************

**CEO Visit-Gomoti, South :**

লোকসভা নির্বাচনের ভোট গণনার প্রস্তুতি খতিয়ে দেখতে রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক পুনিত আগরওয়াল আজ গোমতী ও দক্ষিণ ত্রিপুরা জেলা সফর করেন। তিনি প্রথমে উদয়পুরে রমেশ ইংলিশ মিডিয়াম উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে মহকুমার বাগমা, রাধাকিশোরপুর, মাতাবাড়ি ও কাকড়াবন-শালগড়া বিধানসভা ক্ষেত্রের ভোট গণনা কেন্দ্রগুলি পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি গণনা কেন্দ্রের প্রস্তুতি ও আইন শৃঙ্খলা সংক্রান্ত বিষয় খতিয়ে দেখেন। এছাড়া মুখ্য নির্বাচন আধিকারিক মিডিয়া সেন্টার ও গণনা পর্যবেক্ষকদের জন্য নির্ধারিত কক্ষ পরিদর্শন করেন। পরিদর্শনকালে মুখ্য নির্বাচন আধিকারিকের সঙ্গে ছিলেন গোমতী জেলার জেলা নির্বাচনী আধিকারিক তথা জেলাশাসক ও সমাহর্তা তড়িৎ কান্তি চাকমা, জেলার পুলিশ সুপার নমিত পাঠক সহ নির্বাচন দপ্তর, প্রশাসন ও আরক্ষা দপ্তরের পদস্থ আধিকারিকগণ। তিনি আজ দক্ষিণ

জেলার শান্তিরবাজারে মহকুমা শাসক অফিসস্থিত স্ট্রংরুম পরিদর্শন করেন। গণনার প্রস্তুতি খতিয়ে দেখেন। পরিদর্শনকালে শ্রী আগরওয়ালের সঙ্গে উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক তথা জেলা নির্বাচন আধিকারিক সিদ্ধার্থ শিব জয়সওয়াল। মুখ্য নির্বাচন আধিকারিক পুনিত আগরওয়াল শান্তিরবাজার মহকুমা শাসক কার্যালয়ের সভাকক্ষে ভোট গণনার প্রস্তুতি নিয়ে নিয়ে বৈঠকও করেন। এই বৈঠকে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সভায় দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক, জেলার পুলিশ সুপার অশোক কুমার সিনহা, শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য, মহকুমা পুলিশ আধিকারিক সৌগত চাকমা, জেলার ৭টি বিধানসভা ক্ষেত্রের অ্যাসিস্টেন্ট রিটার্নিং অফিসারগণ।

*******************************

**Election 7th phase :**

অষ্টাদশ লোকসভা নির্বাচনের সপ্তম তথা শেষ পর্যায়ের ভোটগ্রহণ আগামীকাল। আগামীকাল বিহার, হিমাচল প্রদেশ, ঝাড়খণ্ড, উড়িষ্যা, পাঞ্জাব, উত্তরপ্রদেশ এবং পশ্চিমবঙ্গ এই সাতটি রাজ্য ও কেন্দ্রশাসিত চন্ডীগড়ের ৫৭টি আসনে ভোটগ্রহণ করা হবে।

ওড়িশা রাজ্য বিধানসভার অবশিষ্ট ৪২টি বিধানসভা আসনের ভোটও একইসঙ্গে অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য, গত মাসের ১৯ তারিখে প্রথম পর্যায়ের ভোটগ্রহণ শুরু হওয়ার পর এপর্যন্ত ৬টি পর্যায়ে ৪৮৬টি লোকসভা আসনের জন্য ভোট গ্রহণ শেষ হয়েছে। ভোট গণনা হবে আগামী চৌঠা জুন।

********************************

**Malaria Control :**

ম্যালেরিয়া রোগ প্রতিরোধে ঊনকোটি জেলাতে যথাযথ পদক্ষেপ গ্রহণ করেছে স্বাস্থ্য দপ্তর। মশার বংশবিস্তার রোধে নালা-নর্দমায় মশার লার্ভা ভক্ষণকারী গাম্বুসিয়া মাছ ছাড়ার উদ্দোগ নেওয়া হয়েছে। জেলার বিভিন্ন স্থানে ম্যালেরিয়ার প্রাদুর্ভাব ঠেকাতে করনীয় কর্তব্য সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির কাজ চলছে। গত জানুয়ারি থেকে এপ্রিল মাস পর্যন্ত 24309 জনের রক্তের নমুনা পরীক্ষা হয়েছে। এরমধ্যে পাঁচ জনের দেহে ম্যালেরিয়া সংক্রমণ ধরা পড়েছে। উল্লেখ্য যে, আগামীকাল পয়লা জুন থেকে পুরো জুন মাসব্যাপী "ম্যালেরিয়া প্রতিরোধ মাস"হিসাবে পালন করা হবে। ঊনকোটি জেলার জেলা ম্যালেরিয়া আধিকারিক ডাঃ শঙ্খশুভ্র দেবনাথ জানান, জেলার 29টি এলাকা ম্যালেরিয়ার ঝুঁকিপূর্ণ এলাকা হিসাবে চিহ্নিত। স্বাস্থ্যকর্মীরা বাড়ি বাড়ি গিয়ে রক্তের নমুনা সংগ্রহ ও ম্যালেরিয়া সনাক্তকরণের কাজ করছেন। জেলায় এবছর 57 হাজার ঔষধযুক্ত মশারি বিতরণের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। ইতিমধ্যেই 71 শতাংশ বিতরণের কাজ হয়েছে বলে তিনি জানান।

*******************************

**Meeting of BJP :**

B.J.P'র প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য এর উপস্থিতিতে আজ দলের কৈলাশহরস্থিত জেলা কার্যালয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। এখানে উপস্থিত ছিলেন, দলের প্রদেশ সহ-সভাপতি তাপস ভট্টাচার্য, সাধারণ সম্পাদক তথা বিধায়ক ভগবান চন্দ্র দাস, প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস প্রমুখ। দলের জেলা ও মন্ডল স্তরের কার্যকর্তারা এতে অংশ নেন। এখানে সাংগঠনিক

বিষয় নিয়ে আলোচনা ও মতবিনিময় করা হয়েছে বলে জানিয়েছেন, দলের জেলা সভাপতি পবিত্র চন্দ্র দেবনাথ।

***************************

**Training for Counting-Sepahijala :**

অষ্টাদশ লোকসভা নির্বাচনের ভোট গণনার জন্য বিশালগড় মহকুমায় দায়িত্বপ্রাপ্ত গণনা কর্মীদের দ্বিতীয় তথা অন্তিম পর্যায়ের প্রশিক্ষণ আজ শেষ হয়েছে। বিশালগড় নূতন টাউন হলে এই প্রশিক্ষণে উপস্থিত গণনা কর্মীদের প্রশিক্ষণ দেন, DCM প্রসেনজিৎ দাস ও জেলা পর্যায়ের মাস্টার ট্রেনার বিজয় কুমার দাস। DCM শ্রী দাস জানিয়েছেন এই প্রশিক্ষণে বিশালগড় মহকুমার তিনটি বিধানসভা ক্ষেত্রের কাউন্টিং অ্যাসিস্ট্যান্ট, কাউন্টিং সুপারভাইজার ও মাইক্রো অবজারভার মিলে মোট ১৫৩ জন গণনা কর্মী অংশগ্রহণ করেন। বিশালগড় বিধানসভা ক্ষেত্রের গণনার জন্য ১৬টি টেবিল, চড়িলাম ও কমলাসাগর বিধানসভার ক্ষেত্রের জন্য ১৪টি করে টেবিল থাকবে। বিশালগড়ের ক্ষেত্রে পাঁচ রাউন্ড, চড়িলাম ও কমলাসাগরের ক্ষেত্রে ৪ রাউন্ড করে ভোট গণনা হবে বলে জানিয়েছেন DCM। অন্যদিকে সোনামুড়া মহকুমার গণনা কর্মীদের অন্তিম পর্যায়ের প্রশিক্ষণও আজ শেষ হয়েছে। এতে সোনামুড়া মহকুমার ৪টি বিধানসভা ক্ষেত্রে গণনা কর্মীরা অংশ নেন।

******************************

**BJP :**

বিজেপি বড়দোয়ালি মন্ডলের উদ্যোগে এলাকার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কৃতি ছাত্রছাত্রীদের আগামী দোসরা জুন

সম্বর্ধনা প্রদান করা হবে। আজ সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন বড়দোয়ালীর মন্ডল সভাপতি সঞ্জয় সাহা। তিনি জানান, সংবর্ধনা অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা ও আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার উপস্থিত থাকবেন।

****************************

**Sanitation workers :**

সিপাহীজলা জেলার বিশ্রামগঞ্জ গ্রাম পঞ্চায়েতের মহিলা সাফাইকর্মী তথা স্বচ্ছতা সখীদের নিয়ে আজ এক মত বিনিময় সভা হয়। বিশ্রামগঞ্জ গ্রাম পঞ্চায়েত সংলগ্ন স্থানে আয়োজিত এই সভায় সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক সুব্রত মজুমদার, চড়িলাম ব্লকের বি.ডি.ও রিপন দাস প্রমুখ উপস্থিত ছিলেন। সভায় স্বচ্ছতা সখীদের বিভিন্ন সুবিধা-অসুবিধা নিয়ে আলোচনা করা হয়। অতিরিক্ত জেলাশাসক জানিয়েছেন আবর্জনা সংগ্রহের লোকবল কম থাকা সহ বেশ কিছু সমস্যা সামনে জানান, আজকের সভায় আলোচনায় উঠে এসেছে নেশামুক্ত রাজ্য গড়া ও বাল্যবিবাহ প্রতিরোধ ইত্যাদি বিষয়েও আলোচনা করা হয়।

******************************

**Ucched Abhijan :**

সদর মহকুমা প্রশাসন ও আগরতলা পুর নিগমের উদ্যোগে আজ শহরের সিদ্ধি আশ্রম এলাকায় উচ্ছেদ অভিযান সংগঠিত করা হয়। পুর কমিশনার শৈলেশ কুমার যাদব জানান সিদ্ধি আশ্রম

থেকে রেল স্টেশন এলাকার রাস্তা প্রশস্ত করার লক্ষ্যে বেদখল সরকারি জমি উদ্ধারের জন্য এই অভিযান সংগঠিত করা হয়।

****************************

**Deputation of Anganwadi :**

অঙ্গনওয়াড়ি কর্মী ও হেল্পারদের গ্র্যাচুইটি প্রদান সহ সহ চার দফা দাবিতে আজ আগরতলায় সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরে ডেপুটেশন দিয়েছে ত্রিপুরা অঙ্গনওয়াড়ি কর্মী-সহায়িকা এসোসিয়েশন। ডেপুটেশনে নেতৃত্ব দেন সংগঠনের রাজ্য সভানেত্রী মঞ্জুলা চক্রবর্তী।

**************************

**Heatwave :**

রাজস্থান, পাঞ্জাব, হরিয়ানা, চন্ডিগড়, দিল্লি, উত্তর প্রদেশ এবং বিহার, পূর্ব মধ্যপ্রদেশ, উড়িষ্যা ও ঝাড়খন্ডের বিস্তীর্ণ অঞ্চলে তীব্র তাপপ্রবাহ চলছে। তাছাড়া হিমাচল প্রদেশ, উত্তরাখন্ড, বিদর্ভ, পশ্চিম মধ্য প্রদেশ ও ছত্তিশগড়ে তাপ্রবাহ চলছে। গত ২৪ ঘন্টায় সারা দেশের মধ্যে সর্বোচ্চ তাপমাত্রা ছিল পশ্চিম রাজস্থানে গঙ্গানগরে ৪৮.৩ ডিগ্রী সেলসিয়াস।

****************************

**First Division Cricket :**

এম বি বি স্টেডিয়ামে অনুষ্ঠিত দুদিনের খেলায় কসমোপঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেটের সুপার ফোরের শেষ দুটি খেলা আজ থেকে শুরু হয়েছে। লিটন ক্লাবের বিরুদ্ধে প্রথমে ব্যাট করতে নেমে হার্ভে ক্লাব প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে

২২৩ রান করে। দলের পক্ষে স্বরাব সাহানি ৭৮ রান করে। কসমোপলিটনের শংকর পাল ৬৫ রানে ৫টি উইকেট পায়। জবাবে কসমোপলিটন ক্লাব প্রথম ইনিংসে দিনের শেষে ৩ উইকেট হারিয়ে ৭২ রান করে। এদিকে, নরসিংগড়ের পিটিএ মাঠে দুদিনের অপর খেলায় পোলস্টার ক্লাবের বিরুদ্ধে প্রথম ইনিংসে লিড নিয়েছে চলমান সংঘ। প্রথমে ব্যাট করতে নেমে পোলস্টার ক্লাব প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে মাত্র ৯২ রান করে। জবাবে চলমান সংঘ প্রথম ইনিংসে দিনের শেষে ৯ উইকেট হারিয়ে ১৯৯ রান করে।

******************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ পঁয়ত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন সাতাশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল পঁয়ত্রিশ দশমিক আট ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ছাব্বিশ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলায় বজ্র বিদ্যুত সহ বৃষ্টি সঙ্গে ঘন্টায় ত্রিশ থেকে চল্লিশ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

*********************************